

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৫২

২৫/ হিবা (كتاب الهبات)

পরিচ্ছেদঃ ৪. 'উমরা' অর্থাৎ 'জীবনকালের জন্য' দান করা

باب الْعُمْرَى

## আরবী

وَحَدَّتَنِي مُحَمَّدُ بْنُ رَافِعٍ، وَإِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، \_ وَاللَّفْظُ لِابْنِ رَافِعٍ \_ قَالاَ حَدَّتَنا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ أَعْمَرَتِ امْرَأَةٌ بِالْمَدِينَةِ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ لَهَا أَبُّ تُوفِي وَتُوفِي وَتُوفِي اللهُ عَدَهُ وَتَركَتْ وَلَدًا وَلَهُ إِخْوَةٌ بَنُونَ لِلْمُعْمِرَةِ فَقَالَ حَائِطًا لَهَا ابْنَا لَهَا أَمَّ تُوفِي وَتُوفِي وَلَهُ وَمَوْتَهُ . وَلَدُ الْمُعْمِرةِ رَجَعَ الْحَائِطُ إِلَيْ عَلْدِ اللهُ عَلَي وَسُولِ اللهِ عليه وَاللهُ عَلْمَانَ فَدَعَا جَابِرًا فَشَهِدَ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم بِالْعُمْرَى لِصَاحِبِهَا فَقَضَى بِذَلِكَ طَارِقٌ ثُمَّ كَتَبَ إِلَى عَبْدِ الْمَلِكِ فَأَخْبَرَهُ وَلِكَ وَاللهُ عَلْمَ وَتَعَى وَاللهُ عَلْمَانَ فَدَعَا جَابِرً لَو قَالَ عَبْدُ الْمُلِكِ عَلْدِهُ وَلِكَ طَارِقٌ ثُمَّ كَتَبَ إِلَى عَبْدِ الْمُلِكِ فَأَخْبَرَهُ وَلِكَ طَارِقٌ . فَإِنَّ ذَلِكَ الْمَالِكِ مَادِي اللهُ عَلْمَ وَيَوْتُ وَلِكَ طَارِقٌ . فَإِنَّ ذَلِكَ الْمَلِكِ مَادِي الْمُعْمَرِ حَتَّى الْيَوْم .

## বাংলা

৪০৫২। মুহাম্মদ ইবনু রাফি'ও ইসহাক ইবনু মানসুর (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মদিনার জনৈক মহিলা তার একটা বাগান তার এক পূত্রকে জীবৎকালের জন্য দান করেন। পরে পুত্র মারা যায় এবং তারপর মহিলাটিও মারা যায়। পুত্র নিজের সন্তান রেখে যায়। আর তার ছিল কয়েকজন ভাই, যারা দানকারীনীর পুত্র। তারপর দানকারীনীর পুত্ররা বললো, বাগানটি আমাদের কাছে ফিরে এসেছে। আর যাকে দান করা হয়েছিল তার পুত্ররা বললো বরং এ ছিল আমার পিতার, তার জীবদ্দশায় ও মৃত অবস্থায়।

এরপর তারা উসমান (রাঃ) এর আযাদকৃত গোলাম (শাসনকর্তা) তারিক (রহঃ) এর নিকট বিচার চাইল। তিনি জাবির (রাঃ) কে ডেকে পাঠালেন। জাবির (রাঃ) সাক্ষ্ম দেন, জীবৎকালীন দান তারই প্রাপ্য যাকে দান করা হয়েছে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ নির্দেশ দিয়েছেন। তারিক তদনুযায়ী ফয়সালা দেন। তারপর তিনি (খলীফা) আবদুল মালিককে এ ঘটনা লিখে জানান এবং জাবিরের সাক্ষ্ম দান সম্পর্কেও তাঁকে অবগত করেন। আবদুল মালিক বলেন, জাবির (রাঃ) সত্যই বলেছেনঃ। পরে তারিক (রহঃ) এ হুকুম জারি করেন। কাজেই বাগানটি আজ পর্যন্ত দানকৃত ব্যক্তির বংশধরদের অধিকারে রয়েছে।



## **English**

Jabir (Allah be pleased with him) reported that a woman gave her garden as a life grant to her son. He died and later on she also died and left a son behind and brothers also, The sons of the woman making life grant said (to those who had been conferred upon this 'Umra):

This garden has returned to us. The sons of the one who had been given life grant said: This belonged to our father, during his lifetime and in case of his death. They took their dispute to Tariq, the freed slave of 'Uthman. He called Jabir and he gave testimony of Allah's Messenger () having said: Life grant belongs to one who is conferred upon this (privilege). Tariq gave this decision and then wrote to Abd al-Malik and informed him, Jabir bearing witness to it. Abd al-Malik said: Jabir has told the truth. Then Tariq gave a decree and, as a result thereof, it is to this day that the garden belongs to descendants of one who was conferred upon the life grant.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবন আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন